

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৯৫৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো সকাল বিকেলে আল্লাহর কাছে ক্ষমা ও নিরাপত্তা চাওয়া

ذَكَرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ سُؤَالَ رَبِّهِ جَلَّ وَعَلَا الْعَفْوُ وَالْعَافِيَةُ عِنْدَ الصَّبَاحِ

আরবী

957 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا فَيَاضُ بْنُ زُهَيْرٍ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ عَنْ
عُبَادَةَ بْنِ مُسْلِمٍ الْفَزَارِيِّ عَنْ جُبَيْرِ بْنِ أَبِي سَلَيْمَانَ بْنِ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ قَالَ: سَمِعْتُ عَبْدَ
اللَّهِ بْنَ عُمَرَ يَقُولُ: لَمْ يَكُنْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَدْعُ هَؤُلَاءِ الدَّعَوَاتِ حِينَ
يُمْسِي وَحِينَ يُصْبِحُ: (اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَفْوَ
وَالْعَافِيَةَ فِي دِينِي وَدُنْيَايَ وَأَهْلِي وَمَالِي اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ احْفَظْنِي
مِنْ بَيْنِ يَدَيْ وَمِنْ خَلْفِي وَعَنْ يَمِينِي وَعَنْ شِمَالِي وَمِنْ فَوْقِي وَأَعُوذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ
مِنْ تَحْتِي)

الراوي : ابن عمر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات
الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 957 | خلاصة حكم المحدث: صحيح.
قَالَ وَكِيعٌ: يعني: الخسف.

বাংলা

৯৫৭. আব্দুল্লাহ বিন উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম
এই দু'আগুলো সকাল বিকেল পড়া ছাড়তেন না। (দু'আগুলো হলো) (اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَافِيَةَ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْعَفْوَ
وَالْعَافِيَةَ فِي دِينِي وَدُنْيَايَ وَأَهْلِي وَمَالِي اللَّهُمَّ اسْتُرْ عَوْرَاتِي وَآمِنْ رَوْعَاتِي اللَّهُمَّ احْفَظْنِي
مِنْ بَيْنِ يَدَيْ وَمِنْ خَلْفِي وَعَنْ يَمِينِي وَعَنْ شِمَالِي وَمِنْ فَوْقِي وَأَعُوذُ بِعَظَمَتِكَ أَنْ أُغْتَالَ مِنْ تَحْتِي
হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে দুনিয়া ও আখেরাতে নিরাপত্তা চাচ্ছি। হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে চাচ্ছি
ক্ষমা ও নিরাপত্তা আমার দীন, দুনিয়া, পরিবার-পরিজন ও সম্পদের বিষয়ে। হে আল্লাহ, আপনি আমার দোষ-
ত্রুটিগুলো গোপন রাখুন, আমার ভয়-ভীতির বিষয়গুলোতে নিরাপত্তা দান করুন। হে আল্লাহ, আপনি আমাকে

হেফাযত করুন আমার সামনে থেকে, আমার পিছন থেকে, আমার ডান থেকে, আমার বাম থেকে এবং আমার উপর থেকে। আর আমি আপনার কাছে আশ্রয় চাই নিচের দিক থেকে অকস্মাৎ আক্রান্ত হওয়া থেকে।)”[1]

ইমাম ওয়াকী‘ রহিমাহুল্লাহ বলেন, “নিচের দিক থেকে অকস্মাৎ আক্রান্ত হওয়া” দ্বারা উদ্দেশ্য হলো ভূমিকম্প।”

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৪০; মুসনাদ আহমাদ: ২/২৫; ইবনু মাজাহ: ৩৮৭১; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ১২০০; হাকিম: ১/৫১৭-৫১৮; নাসাঈ: ৮/২৮২; তাবারানী আল কাবীর: ১৩২৯৬; আবু দাউদ: ৫০৭৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মিশকাত: ২৩৯৭।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89462>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন